

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৬

তারিখঃ শ্রাবণ ০৮, ১৪২৭  
জুলাই ২৩, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদনপত্র অধিকতর  
গ্রাহক বান্ধব (borrower friendly) করণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক জারিকৃত এসএমইএপিডি সার্কুলার নং-২/২০১৯ এর সংযোজনী-৩ এবং এসএমইএপিডি সার্কুলার লেটার নং-১/২০২০ এর গ নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সংযোজনী-৩ এ 'সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদনপত্র' এবং সার্কুলার লেটার এর গ নং অনুচ্ছেদে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই উদ্যোক্তাগণকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'হেল্প ডেস্ক' গঠন বিষয়ক নির্দেশনা বর্ণিত আছে।

০৩। 'সিএমএসএমই উদ্যোক্তাগণের ঋণ/বিনিয়োগের হিসাব খোলার আবেদনপত্রটি অধিকতর গ্রাহক বান্ধব (borrower friendly) করণপূর্বক এতদসঙ্গে সংযুক্ত (সংশোধিত সংযোজনী-৩) করা হ'ল। সংশোধিত আবেদনপত্রটি সিএমএসএমই খাতে বিশেষত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাগণের ঋণ/বিনিয়োগ হিসাব খোলার জন্য ব্যবহৃত হবে।

০৪। আপনাদের সকল শাখায় অবস্থিত 'হেল্প ডেস্ক' এর পাশে দৃষ্টিগোচর স্থানে আবেদনপত্রের কপি প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। এতদ্ব্যতীত অত্যাবশ্যকীয় কাগজপত্রের একটি তালিকা (যেমন ট্রেড লাইসেন্স, ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর (TIN), জাতীয় পরিচয়পত্র (NID) ইত্যাদি) প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(হুসনে আরা শিখা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৫০২

তারিখঃ

ব্যবস্থাপক

.....

.....

ছবি

সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে ঋণ/বিনিয়োগ এর আবেদন।

প্রিয় মহোদয়,

আমি/আমরা সিএমএসএমই উদ্যোক্তা হিসেবে আপনার প্রতিষ্ঠানের ..... শাখা হতে আমার/আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে চলতি মূলধন/ব্যবসা সম্প্রসারণ ও যন্ত্রপাতি ক্রয়/অন্যান্য বাবদ ..... মাস মেয়াদে ..... টাকার মেয়াদী/চলতি ঋণ/বিনিয়োগ এর জন্য আবেদন করছি। নিম্নে আমার/আমাদের ব্যক্তিগত, ব্যবসা সংক্রান্ত এবং প্রস্তাবিত সিএমএসএমই ঋণ/বিনিয়োগ বিষয়ক তথ্য পেশ করা হ'ল।

১	আবেদনকারী প্রতিষ্ঠানের বৃত্তান্ত		
	১.১ প্রতিষ্ঠানের নাম	:	
	১.২ ট্রেড লাইসেন্স	:	
	১.৩ ব্যবসায় বিনিয়োগকৃত মূলধন	:	
	১.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)	:	
	১.৫ ব্যাংক হিসাবের নাম ও নম্বর	:	
	১.৬ প্রতিষ্ঠানের বার্ষিক বিক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে)	:	
	১.৭ প্রতিষ্ঠানের মোট বার্ষিক আয়	:	
	১.৮ প্রতিষ্ঠানের মোট বার্ষিক ব্যয়	:	
	১.৯ প্রতিষ্ঠানের স্থায়ী সম্পদ (ভূমি ও ইমারত ব্যতীত)	:	
	১.১০ প্রতিষ্ঠানে নিয়োজিত জনবলের সংখ্যা	:	
	১.১১ মজুদ পণ্যের মূল্য	:	
২	আবেদনকারী প্রতিষ্ঠানের দায়		
	২.১ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান	:	
	২.২ অন্যান্য	:	
৩	আবেদনকারীর বৃত্তান্ত (অংশীদারি/যৌথমূলধনী কারবারের ক্ষেত্রে পরিচালকদের অনুরূপ তথ্য পৃথক কাগজে সংযুক্ত করতে হবে)		
	৩.১ নাম	:	
	৩.২ জাতীয় পরিচয়পত্র নম্বর	:	
	৩.৩ প্রশিক্ষণ(প্রযোজ্য ক্ষেত্রে)	:	
	৩.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)	:	
৪	জামানতের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)	:	
৫	জামিনদার সম্পর্কিত তথ্য		
	৫.১ নাম	:	
	৫.২ জাতীয় পরিচয়পত্র নম্বর	:	
	৫.৩ পেশা	:	
	৫.৪ টিন (ট্যাক্স আইডেন্টিফিকেশন নম্বর)(প্রযোজ্য ক্ষেত্রে)	:	
	৫.৫ আবেদনকারীর সাথে সম্পর্ক	:	

[ বিশেষ দৃষ্টব্যঃ প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করতে হবে এবং ঋণ/বিনিয়োগ মঞ্জুরির জন্য আবশ্যিকীয় অন্য যে কোন তথ্য, প্রমাণপত্র এবং দলিলাদি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী গ্রাহক প্রদান করতে বাধ্য থাকবে।

জামিনদারের স্বাক্ষর ও তারিখ

এই মর্মে প্রত্যয়ন করছি যে, এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্যাদি সঠিক।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ